



অতীব জরুরী

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (গোপনীয় শাখা)

Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩১০.৯৯.০০২.১৭-৯৭২


তারিখ: ০১ আগস্ট ২০১৯

বিষয় : প্রশ্নপত্র প্রেরণের খালি ট্রাংক ফেরত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন পরীক্ষার পূর্বে প্রশ্নপত্র ট্রাংকজাত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয়ের প্রতিনিধির নিকট প্রেরণ করা হয়ে থাকে। পরীক্ষা শেষে এসব খালি ট্রাংকগুলো সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে বোর্ডের ৮ম তলায় (গোপনীয় শাখা) প্রেরণের নির্দেশনা থাকলেও কোনো কোনো কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা সেগুলো যথাসময়ে প্রেরণ করছেন না। এতে করে বোর্ড থেকে প্রশ্নপত্র প্রেরণে জটিলতা দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, যে সকল কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ এখনও ট্রাংক বোর্ডে প্রেরণ করেননি (বিশেষ এসএসসি ভোকেশনাল/দাখিল ভোকেশনাল পরীক্ষা ২০১৯ ও এইচএসসি বিএম/ভোকেশনাল, ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০১৯ এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা ২০১৯) তাঁদেরকে সংশ্লিষ্ট ট্রেজারি/থানা লকার থেকে ট্রাংকগুলো ও অব্যবহৃত সেটের সকল প্রশ্নপত্র বুঝে নিয়ে (প্রতি ট্রাংকে ০২ টি করে তালা ও প্রতিটি তালায় ০৩ টি করে চাবি) ট্রাংকে ভরে বাহক মারফত পত্র প্রাপ্তির ০৩ কার্যদিবসের মধ্যে বোর্ডে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

উল্লেখ্য যে, আগামী এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনি পরীক্ষা ২০১৯ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।



(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক

মোবাইল: ০১৭১৪০৭৫৮৩৮

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট/কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা  
{সকল ডিপ্লোমা/এইচএসসি (বিএম), (ভোক.) ও ডিপ্লোমা ইন কমার্স/  
এসএসসি (ভোক.) ও দাখিল (ভোক.)}


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩১০.৯৯.০০২.১৭-৯৭২

তারিখ: ০১ আগস্ট ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। জেলা প্রশাসক, (সকল)
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), (সকল)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
- ৫। উপ পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপ্লোমা/ভোকেশনাল/শর্টকোর্স/বিএম, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (টেক্সটাইল/কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৮। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। অফিস নথি

সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবগণের সাথে টেলিফোনে যোগাযোগ করে ট্রাংক প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।



(প্রকৌঃ মোঃ ইয়াছিন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)

মোবাইল: ০১৭১৯৯৬০২৫৬